# নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

## মাসের নামঃ আগষ্ট/২০২৩ খ্রিঃ

### ফসলের নামঃ চাল, গম, আটা ও ভুট্টাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী আগষ্ট/২০২৩ মাসে চাল, গম, আটা ও ভুট্টার বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপ:

**১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতি:**


আগষ্ট/২০২৩ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদরের তথ্যানুযায়ী চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় গড় বাজারদর জুলাই/২০২৩ মাসের বাজারদরের সাথে তুলনামূলক বিবরণ নিম্নে সারণীতে দেখানো হলো:


সারণী – ১.১ (মূল্য টাকায়)

| কৃষিপণ্য | আগষ্ট/২৩ মাসের গড় বাজারদর | | জুলাই/২৩ মাসের গড় বাজারদর | | এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি | | শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | কুইন্টালে % | কেজিতে % |
| মোটা ধান | ২৬৫৮ | - | ২৬০২ | - | ৫৬ | - | ২.১৫% | - |
| মাঝারি ধান | ২৮৭৭ | - | ২৮৩১ | - | ৪৬ | - | ১.৬২% | - |
| সরু ধান | ৩১৩৮ | - | ৩১১৫ | - | ২৩ | - | ০.৭৪% | - |
| মোটা চাল | ৪৩৩৪ | ৪৬.৪৬ | ৪২৪১ | ৪৪.৫৮ | ৯৩ | ১.৮৮ | ২.১৯% | ৪.২২% |
| মাঝারি চাল | ৫১৪৯ | ৫৪.৯৩ | ৫১৪৩ | ৫৪.৮৮ | ৬ | ০.০৫ | ০.১২% | ০.০৯% |
| সরু চাল | ৬৩৯০ | ৬৭.৪১ | ৬৩১৭ | ৬৭.০৩ | ৭৩ | ০.৩৮ | ১.১৬% | ০.৫৭% |
| গম (লাল) | ৪২৩৬ | ৪৬.০৭ | ৪৩২১ | ৪৭.১৭ | -৮৫ | -১.১০ | -১.৯৭% | -২.৩৩% |
| আটা (খোলা) | ৪৩৩৩ | ৪৭.৪৫ | ৪৫৩৭ | ৪৯.৫৩ | -২০৪ | -২.০৮ | -৪.৫০% | -৪.২০% |
| ভুট্টা | ২৮১৯ | ৩১.৮৫ | ২৬৭০ | ৩০.৮৮ | ১৪৯ | ০.৯৭ | ৫.৫৮% | ৩.১৪% |

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে কুইন্টাল প্রতি পাইকারী গড় দাম মোটা, মাঝারী ও সরু ধান যথাক্রমে ২.১৫%, ১.৫৪% ও ০.৭৪% হারে বৃদ্ধি পেয়েছে। মোটা, মাঝারী ও সরু চাল জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে কুইন্টাল প্রতি পাইকারী গড় দাম যথাক্রমে ২.১৯%, ০.১২% ও ১.১৬% হারে বৃদ্ধি পেয়েছে। খুচরা গড় দাম কেজি প্রতি মোটা, মাঝারী ও সরু চাল যথাক্রমে ৪.২২%, ০.০৯% ও ০.৫৭% হারে বৃদ্ধি পেয়েছে। গম (লাল) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি -১.৯৭% এবং খুচরা গড় দাম কেজি প্রতি -২.৩৩% হ্রাস পেয়েছে। আটা (খোলা) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি -৪.৫০% ও খুচরা গড় দাম কেজি প্রতি -৪.২০% হারে হ্রাস পেয়েছে। ভুট্টা এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ৫.৫৮% ও খুচরা গড় দাম কেজি প্রতি ৩.১৪% বৃদ্ধি পেয়েছে।

আগষ্ট/২০২৩ মাসে কৃষিপণ্য সমূহের পাইকারী ও খুচরা গড় বাজারদর পরিবর্তনের চিত্র  নিম্নে দেখানো হলো:




আগষ্ট/২০২৩ ও জুলাই/২০২৩ মাসের তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয়েছে জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মোটা, মাঝারী ও সরু ধান এর পাইকারী গড় দাম বৃদ্ধি পেয়েছে। চাল মোটা, মাঝারী ও সরু চাল এর পাইকারী ও খুচরা গড় দাম বৃদ্ধি পেয়েছে। গম, আটা (খোলা) এর পাইকারী ও খুচরা গড় দাম হ্রাস পেয়েছে এবং ভূট্টা এর পাইকারী ও খুচরা গড় দাম বৃদ্ধি পেয়েছে।


আগষ্ট/২০২৩ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের আগষ্ট/২০২৩ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং আগষ্ট/২০২৩ মাসের গড় বাজার দরকে কেন্দ্রবিন্দু ধরে ০৫ বছরের পাইকারী ও খুচরা গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলো:

**সারণী- ১.২** (টাকায়/কুইন্টাল)

| কৃষিপণ্য / মাস | আগষ্ট/১৯ | আগষ্ট/২০ | আগষ্ট/২১ | আগষ্ট/২২ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা ধান** | ১৪২১ | ২২৭৯ | ২৪৫৮ | ২৬০৯ | ২৬৫৮ |
| **মাঝারি ধান** | ১৬৩৯ | ২৪৬০ | ২৭১৪ | ৩০২২ | ২৮৭৭ |
| **সরু ধান** | ১৮৭৩ | ২৬১১ | ২৯৬১ | ৩৫৮১ | ৩১৩৮ |
| **মোটা চাল** | ২৬৫১ | ৩৮৩৩ | ৪১৫১ | ৪৩৮০ | ৪৩৩৪ |
| **মাঝারি চাল** | ৩৩৪১ | ৪৩৬৯ | ৪৮১১ | ৫৩১০ | ৫১৪৯ |
| **সরু চাল** | ৪৩৬৩ | ৫০৯৭ | ৫৬৯০ | ৬৫২৮ | ৬৩৯০ |
| **লাল গম** | ২৪২৪ | ২৪৮০ | ২৬১৯ | ৩৭৭১ | ৪২৩৬ |
| **খোলা আটা** | ২৪২১ | ২৪৫৭ | ২৬৩৩ | ৪২৮৩ | ৪৩৩৩ |
| **ভুট্টা** | ১৭১০ | ১৮৯৩ | ২২৫৪ | ৩২৫৪ | ২৮১৯ |

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

◈ **নিম্নে মোটা, মাঝারি ও সরু ধান ও চালের তুলনামূলক পাইকারী বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




**৫ বছরের খুচরা গড় বাজারদরের তথ্য নিম্নে দেখানো হলো:**


**সারণী – ১.৩** (টাকায়/কেজি)

| মাস / কৃষিপণ্য | আগষ্ট/১৯ | আগষ্ট/২০ | আগষ্ট/২১ | আগষ্ট/২২ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৮.৯৯ | ৪০.৫৭ | ৪৩.৬১ | ৪৬.৮ | ৪৬.৪৬ |
| **মাঝারি চাল** | ৩৫.৯৩ | ৪৬.০৩ | ৫০.৮২ | ৫৬.১৫ | ৫৪.৯৩ |
| **সরু চাল** | ৪৬.৫৮ | ৫৩.৭৭ | ৫৯.৮৩ | ৬৮.৯২ | ৬৭.৪১ |
| **লাল গম** | ২৬.৮৭ | ২৭.৬৮ | ২৯.০৮ | ৪১.১৯ | ৪৬.০৭ |
| **খোলা আটা** | ২৬.৬৫ | ২৭.০৬ | ২৮.৯৬ | ৪৬.১৪ | ৪৭.৪৫ |
| **ভুট্টা** | ১৯.৯৪ | ২২.২৪ | ২৫.১৮ | ৩৫.২৫ | ৩১.৮৫ |

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

০৫ বছরের একই সময়ের অর্থাৎ আগষ্ট/২০২৩ মাসের চালের বাজারদর হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পরিস্থিতি নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলো।

◈ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক খুচরা বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




- গ্রাফে বিগত ৫ বছরের আগষ্ট মাসের তুলনায় ২০২৩ সালের আগষ্ট মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস/বৃদ্ধি দেখানো হয়েছে। আগষ্ট, ২০২৩ মাসে সকল প্রকার ধান ও চালের পাইকারী ও খুচরা পর্যায়ে বাজারদর বৃদ্ধি পেয়েছে।

## ২। বাজারদর প্রবনতা:

➤ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে ধান, চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজারদরের চিত্র নিম্নরূপঃ

সারণী-১.৪ (টাকায়/কুইন্টাল)

| পণ্য | বিবরণ | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| ধান | মোটা | ২৯০২ | ২৬৭৯ | ২৪৫২ | ২৪৯৯ | ২৬০২ | ২৬৫৮ |
| | মাঝারি | ৩৩০৬ | ২৯৯৬ | ২৭৪৪ | ২৭৮৮ | ২৮৩১ | ২৮৭৭ |
| | সরু | ৩৭৭৮ | ৩৩৯১ | ৩০৭২ | ৩০৮৯ | ৩১১৫ | ৩১৩৮ |
| চাল | মোটা | ৪৪৬৩ | ৪৪৫৮ | ৪৩৫৮ | ৪৩৩২ | ৪২৪১ | ৪৩৩৪ |
| | মাঝারি | ৫২৩৯ | ৫২০০ | ৫২৫২ | ৫১৭৯ | ৫১৪৩ | ৫১৪৯ |
| | সরু | ৬৮০২ | ৬৭৫০ | ৬৫২১ | ৬৩৮২ | ৬৩১৭ | ৬৩৯০ |
| গম | লাল | ৪৭৭৫ | ৪৬৮৭ | ৪৬৭০ | ৪৪৬৭ | ৪৩২১ | ৪২৩৬ |
| আটা | খোলা | ৫৪৭৫ | ৫৩৫৪ | ৫১৮৭ | ৪৭৬৮ | ৪৫৩৭ | ৪৩৩৩ |
| ভুট্টা | রবি | ৩৬৮২ | ৩৩১২ | ২৭২৩ | ২৬১৩ | ২৬৭০ | ২৮১৯ |


- এক মাসের ব্যবধানে আগষ্ট/২০২৩ মাসে লাল গম কুইন্টাল প্রতি পাইকারী মূল্য ৮৫/- টাকা, খোলা আটা ২০৪/- টাকা হ্রাস পেয়েছে এবং ভুট্টা ১৪৯/- টাকা বৃদ্ধি পেয়েছে। আগষ্ট/২৩


সারণী-১.৫ (টাকায়/কেজি)

| পণ্য | বিবরণ | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৭.৮০ | ৪৭.৫৫ | ৪৬.৪৮ | ৪৫.৪১ | ৪৪.৫৮ | ৪৬.৪৬ |
| | মাঝারি | ৫৫.৬৬ | ৫৫.১৫ | ৫৫.৮৬ | ৫৫.০২ | ৫৪.৮৮ | ৫৪.৯৩ |
| | সরু | ৭২.০৪ | ৭০.৮৪ | ৬৮.৮৭ | ৬৭.৬৪ | ৬৭.০৩ | ৬৭.৪১ |
| গম | লাল | ৫২.৫২ | ৫১.১৪ | ৫১.১৪ | ৪৯.১৬ | ৪৭.১৭ | ৪৬.০৭ |
| আটা | খোলা | ৫৮.৭৫ | ৫৭.৪৮ | ৫৭.৪৮ | ৫১.৮৪ | ৪৯.৫৩ | ৪৭.৪৫ |
| ভুট্টা | রবি | ৪০.২৯ | ৩৭.৯১ | ৩৭.৯১ | ৩০.৮০ | ৩০.৮৮ | ৩১.৮৫ |


- এক মাসের ব্যবধানে আগষ্ট/২০২৩ মাসে কেজি প্রতি খুচরা মূল্য লাল গম ১.১/- টাকা, খোলা আটা ২.০৮/-টাকা হ্রাস পেয়েছে এবং ভুট্টা ০.৯৭/- টাকা বৃদ্ধি পেয়েছে।


➤ **নিম্নে গ্রাফে ধান, চালের দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**



➢ **নিম্নে গ্রাফে গম, আটা ও ভুট্টার পাইকারী ও খুচরা গড় বাজারদর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**





৩। **চাল এর আমদানির তুলনামূলক হালচিত্র:**

সারণী-১.৬ **(হাজার মেঃ টন)**

| **চাল** | **১ জুলাই২০২/৩ হতে ৩১ আগষ্ট২০২৩/** | **জুলাই২০২/২ হতে জুন২০২/৩** |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৩৩.৯৪ |
| বেসরকারি পর্যায়ে | ০ | ৪২১.৬২ |
| মোট | ০ | ১০৫৫.৫৬ |

**তথ্য সূত্রঃ এফ পি এম ইউ**

➢ **চাল এর আমদানির তুলনামূলক চিত্র**





৪। **গম এর আমদানির তুলনামূলক হালচিত্র:**

সারণী-১.৭ **(হাজার মেট্রিক টন)**

| **গম** | **১ জুলাই২০২/৩ হতে ৩১ আগষ্ট২০২৩/** | **জুলাই২০২/২ হতে জুন২০২/৩** |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৭৯.৬৫ |
| বেসরকারি পর্যায়ে | ৬৪৬.৩৬ | ৩১৯৫.৪৫ |
| মোট | ৬৪৬.৩৬ | ৩৮৭৫.১ |

**তথ্য সূত্রঃ- Food Planing and Monitoring Unit (FPMU)**

➤ **গম এর আমদানির তুলনামূলক চিত্র**




**৫। খাদ্য শস্যের আন্তর্জাতিক বাজার মূল্যঃ**

**ডলার/মে.টন**

| খাদ্যশস্য | আগষ্ট'২০২৩ মাসে মূল্য | এক সপ্তাহ পূর্বের মূল্য ২৫/০৮/২০২৩ | এক বৎসর পূর্বের মূল্য সেপ্টেম্বর'২০২২ |
|---|---|---|---|
| চাল | ৪৬৫ | ৪৮০ | ৩৮০ |
| গম | ২৩৬ | ২৪৬ | ৩৩০ |

উপরোক্ত বাজার মূল্য পর্যালোচনা করলে দেখা যায়, এক সপ্তাহের ব্যবধানে চালের মূল্য -৩.১৩% হ্রাস পেয়েছে। একইভাবে গমের মূল্য -৪.০৭% হ্রাস পেয়েছে।

৬। **বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ**

- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোরদারকরণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।
- সরকারি গোডাউনের ধারণ ক্ষমতা বৃদ্ধিপূর্বক ধানের উৎপাদন ও চাহিদা বিবেচনায় নিয়ে সংগৃহীত ধান সরকারি গোডাউন এবং মিলারদের গোডাউনে সংরক্ষণ করে ক্রাশিং এর ব্যবস্থা করা। কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।
- কৃষি যান্ত্রিকীকরণের উপর অধিক জোর দেয়া।
- ধান চালের সরকারী মজুদের ধারণক্ষমতা বাড়ানো।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরনের উপর ভর্তুকি প্রদানসহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকদের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- মিল মালিকদের গুদামের ১০% সরকার ব্যবহারের সুযোগ থাকতে হবে।
- মিল মালিক ও আড়তদারগণ অতিরিক্ত মজুদ না রাখে এ জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।

**ডাল জাতীয় ফসলের মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনাঃ**


আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে ডালের চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। জুলাই'২০২৩ মাসের সাথে রিপোর্টিং মাস আগষ্ট'২০২৩ এবং একই সময় আগষ্ট'২০২৩ মাসের সাথে আগষ্ট'২০২২ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

➤ বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি

সারণী-১.৮ (টাকা/প্রতি কুইন্টাল)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২২ | | |
| ১ | ডাল-মাশ- গোটা | ১৩৫০৬ | ১৩১৩৯ | ১০৮৩২ | ২.৭৯% | ২৪.৬৯% |
| ২ | ডাল-মাশ-ভাংগা | ১৪৯৭৫ | ১৪৬২৮ | ১১৪১৮ | ২.৩৭% | ৩১.১৫% |
| ৩ | ডাল-মসুর-দেশী-গোটা | ১২০০১ | ১২০৬২ | ১২০৬৩ | -০.৫১% | -০.৫১% |
| ৪ | ডাল-মসুর-দেশী-ভাংগা | ৯৬৫৫ | ৯৭১১ | ৯৭৭৫ | -০.৫৮% | -১.২৩% |
| ৫ | ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ৯৮৩১ | ১০০৬৫ | ১০৩১৩ | -২.৩২% | -৪.৬৭% |
| ৬ | ডাল-মুগ-দেশী | ১১১৭০ | ১১২৪১ | ১১৬২৮ | -০.৬৩% | -৩.৯৪% |
| ৭ | ডাল-ছোলা-গোটা | ৭৮৮২ | ৭৯৭৬ | ৭২৩৭ | -১.১৮% | ৮.৯১% |
| ৮ | ডাল-ছোলা-ভাংগা | ৭৯৩৮ | ৭৯৯১ | ৭৩৭৬ | -০.৬৬% | ৭.৬২% |
| ৯ | ডাল-মটর-দেশী | ৭৯৮৬ | ৮১৮৬ | ৯৪২২ | -২.৪৪% | -১৫.২৪% |
| ১০ | ডাল-মটর-বিদেশী | ৫৭৭৩ | ৬০১৮ | ৫৮৩১ | -৪.০৭% | -০.৯৯% |
| ১১ | ডাল-খেসারী | ৭০৩২ | ৭০৩২ | ৬৫৫৫ | ০.০০% | ৭.২৮% |

**রিপোর্টিং মাস আগষ্ট /২০২৩ গত মাস জুলাই/২০২৩ ও গত বছর আগষ্ট /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**




**১.ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, পাইকারী পর্যায়ে জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে ডাল মাশ গোটা ২.৭৯% এবং ডাল মাশ ভাংগা ২.৩৭% হারে বৃদ্ধি পেয়েছে এছাড়া সকল প্রকার ডালের দর কিছুটা হ্রাস পেয়েছে।

**১.খ. গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণে লক্ষ্য করা যায়, পাইকারী পর্যায়ে আগষ্ট'২০২২ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে ডাল মাশ গোটা ২৪.৬৯%, ডাল মাশ ভাংগা ৩১.১৫%, ডাল ছোলা গোটা ৮.৯১%, ডাল ছোলা ভাংগা ৭.৬২% এবং ডাল খেসারী ৭.২৮% হারে বৃদ্ধি পেয়েছে। ডাল মসুর দেশী গোটা ০.৫১%, ডাল মসুর দেশী ভাংগা ১.২৩% ডাল মসুর বিদেশী উন্নতমানের ৪.৬৭%, ডাল মুগ দেশী ৩.৯৪% ও ডাল মটর দেশী ১৫.২৪% এবং ডাল মটর বিদেশী ০.৯৯% হারে ডালের দর হ্রাস পেয়েছে।

**১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ**

বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে বেশীরভাগ ডালের দাম হ্রাস পেয়েছে এবং আগষ্ট' ২০২২ মাসের তুলনায় আগষ্ট '২০২৩ মাসে কয়েক প্রকার ডালের দাম বৃদ্ধি পেয়েছে আবার কিছু ডালের দাম হ্রাস পেয়েছে। ডলারের মূল্য বৃদ্ধির কারনে আমদানি কম হওয়ায় সরবরাহ কম থাকায় চলতি অর্থবছরে সকল ডালের দাম বৃদ্ধি পেয়েছে।

**২। বাজারদর প্রবণতাঃ**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে বিভিন্ন, প্রকার ডালের জাতীয় পাইকারী গড় বাজারদর পরিবর্তনের চিত্র।

**সারণী-২**


**৬ মাসের পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী-১.৯ (টাকায়/কুইন্টাল)

| দ্রব্যের নাম | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| ডাল-মাশ-গোটা | ১১৭৬২ | ১২০৭৬ | ১২০১৬ | ১২৩০৭ | ১৩১৩৯ | ১৩৫০৬ |
| ডাল-মাশ-ভাংগা | ১২৭৫৭ | ১২৮১৭ | ১২৮০৮ | ১৩৭৩১ | ১৪৬২৮ | ১৪৯৭৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ডাল-মসুর-দেশী-গোটা | ১২২৮৭ | ১২৩১২ | ১২২৭৪ | ১২১৯১ | ১২০৬২ | ১২০০১ |
| ডাল-মসুর-দেশী-ভাংগা | ১২০০৬ | ১১৯৬৭ | ৯৬৪৯ | ১০৪৩৯ | ৯৭১১ | ৯৬৫৫ |
| ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০১১৯ | ৯৯২৮ | ৯৯১০ | ১০৬৯৭ | ১০০৬৫ | ৯৮৩১ |
| ডাল-মুগ-দেশী | ১১৬০৪ | ১১৭৫০ | ১১৩৪২ | ১১৭৪৩ | ১১২৪১ | ১১১৭০ |
| ডাল-ছোলা-গোটা | ৮৪০২ | ৮৩৮৮ | ৮২৪৮ | ৮১৫৫ | ৭৯৭৬ | ৭৮৮২ |
| ডাল-ছোলা-ভাংগা | ৮৩৮৩ | ৮৩২৯ | ৮২১০ | ৮১৫০ | ৭৯৯১ | ৭৯৩৮ |
| ডাল-মটর-দেশী | ৮৮২৫ | ৮৫৩৫ | ৮৪৪৭ | ৮৪৫৫ | ৮১৮৬ | ৭৯৮৬ |
| ডাল-মটর-বিদেশী | ৬৩৪৫ | ৭৭১২ | ৬২০৫ | ৬১৫৮ | ৬০১৮ | ৫৭৭৩ |
| ডাল-খেসারী | ৭৩৬০ | ৭২৩৭ | ৭১৩২ | ৭০৪৯ | ৭০৩২ | ৭০৩২ |

**নিম্নে গ্রাফে মার্চ'২০২৩ মাস হতে আগষ্ট '২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**ভোজ্য তেলের মাসিক ও বার্ষিক তুলনামূলক বাজার দর পর্যালোচনাঃ**


ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষা আমাদের দেশে উৎপাদন হলেও সয়াবিন এবং পাম তেলের চাহিদার পুরোটাই আমদানি করে পূরণ করা হয়। আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে আগামী ০৩ বছরের মধ্যে সরিষার উৎপাদন ৪০-৫০% বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূর্বক জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে এবং গত বছর আগষ্ট' ২০২২ মাসের তুলনায় আগষ্ট '২০২৩ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো

## ➤ বিভিন্ন প্রকার ভোজ্য তেলের পাইকারী বাজারদর পরিস্থিতি

সারণী-১.১০ (টাকা/ প্রতি ১০০ লি)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | চলতি মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২০২২ | | |
| ১ | তেল-সরিষা-উন্নমানের | ২০৬৩৭ | ২১০২০ | ২১৩২০ | -১.৮২% | -৩.২০% |
| ৩ | তেল-সয়াবিন-(খোলা) | ১৫৯২৯ | ১৬২৮০ | ১৬৮৫৯ | -২.১৬% | -৫.৫২% |
| ৪ | তেল-পাম | ১২৪৯২ | ১২৬২২ | ১৩৫৪০ | -১.০৩% | -৭.৭৪% |

**রিপোর্টিং মাস আগষ্ট /২০২৩ গত মাস জুলাই/২০২৩ ও গত বছর আগষ্ট /২০২২ মাসের ভোজ্য তেলের পাইকারী জাতীয় গড় বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো।**




**৩. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে সকল প্রকার তেলের দর হ্রাস পেয়েছে।

**৩. খ . গত বছরের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**


ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট ২০২৩ মাসে সকল তেলের দাম হ্রাস পেয়েছে।

**৬ মাসের তেল সরিষা উন্নতমানের, তেল সয়াবিন (খোলা) এবং পাম তেল এর পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী-১.১১ (টাকায়/লিটার)

| দ্রব্যের নাম | মার্চ/২০২৩ | এপ্রিল/২০২৩ | মে/২০২৩ | জুন/২০২৩ | জুলাই/২০২৩ | আগষ্ট/২০২৩ |
|---|---|---|---|---|---|---|
| তেল-সরিষা-উন্নতমানের | ২১৯৫০ | ২১৮৩১ | ২১৫০২ | ২১১৮৬ | ২১০২০ | ২০৬৩৭ |
| তেল-সয়াবিন-(খোলা) | ১৬৭০৫ | ১৬৪৫৮ | ১৭০০৫ | ১৬৬৪২ | ১৬২৮০ | ১৫৯২৯ |
| তেল-পাম | ১২৩৭০ | ১২৪৩৯ | ১৩০৪৭ | ১২৭৮৩ | ১২৬২২ | ১২৪৯২ |

**নিম্নে গ্রাফে মার্চ'২০২৩ মাস হতে আগষ্ট '২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**৩.গ. বাজারদর হ্রাস/বৃদ্ধির কারণঃ**

মার্চ'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে সকল প্রকার তেলের দাম হ্রাস পেয়েছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওয়ায় স্থানীয় বাজারে দাম হ্রাস পেয়েছে।

**পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়াঃ**

**বাজারদর পরিস্থিতিঃ** মসলা জাতীয় পণ্য আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে উল্লেখযোগ্য যার গুরুত্ব অপরিসীম। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরন হয়ে থাকে। তাই বাজার মূল্যেও বেশ তারতম্য লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা পর্যায়ে জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।


সারণী-১.১২ (টাকায়)

| পণ্যের নাম | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | মাসিক দরের হ্রাস বৃদ্ধি |
|---|---|---|---|


| | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | প্রতি কুইন্টাল | প্রতি কেজি |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৬৬৬৫ | ৫৮৭৫ | ৭৩ | ৬৫ | ১৩.৪৫% | ১২.৩১% |
| পেঁয়াজ-বিদেশী | ৪৮৬৬ | ৩৫৯২ | ৫৫ | ৪১ | ৩৫.৪৭% | ৩৪.১৫% |
| রসুন-দেশী | ১৯০৯৫ | ১৪৪৮৫ | ২১২ | ১৬৪ | ৩১.৮৩% | ২৯.২৭% |
| রসুন-বিদেশী | ১৯৬১২ | ১৭০১৮ | ২১৭ | ১৮৭ | ১৫.২৪% | ১৬.০৪% |
| শুকনা-মরিচ | ৩৯৩৩৫ | ৩৮৬৪৬ | ৪২৭ | ৪২৭ | ১.৭৮% | ০.০০% |
| কাঁচা মরিচ | ১৫১৩১ | ২২৬৮৫ | ১৭৭ | ২৬৪ | -৩৩.৩০% | -৩২.৯৫% |
| আদা-দেশী | ২০৭৩২ | ২৬০০৯ | ২৩৪ | ২৮৩ | -২০.২৯% | -১৭.৩১% |
| আদা-বিদেশী | ১৬৩২৯ | ২১২১২ | ১৮৯ | ২৪২ | -২৩.০২% | -২১.৯০% |
| হলুদ-গোল | ১৬৪৮৭ | ১৪৬৪১ | ১৮৭ | ১৬৫ | ১২.৬১% | ১৩.৩৩% |
| হলুদ-লম্বা | ১৬৬২৩ | ১৫৬৪৭ | ১৯০ | ১৭৭ | ৬.২৪% | ৭.৩৪% |
| ধনিয়া | ১৬৭৮৮ | ১৬৪১৭ | ১৮৮ | ১৮৪ | ২.২৬% | ২.১৭% |

**জুলাই/২০২৩ ও আগষ্ট/২০২৩ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্র**

(টাকায়/কুইন্টাল)




**জুলাই/২০২৩ ও আগষ্ট/২০২৩ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্র**




**পর্যালোচনাঃ** জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি পর্যালোচনা নিম্নরূপ-

- পেঁয়াজ (দেশী) এর দাম জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পাইকারী দাম ১৩.৪৫% হারে এবং খুচরা দাম ১২.০১% হারে বৃদ্ধি পেয়েছে। পেঁয়াজ (বিদেশী) পাইকারী দাম ৩৫.৪৭% হারে এবং খুচরা দাম ৩৪.১৫% হারে বৃদ্ধি পেয়েছে। রসুন (দেশী)পাইকারী ৩১.৮৩% হারে ও খুচরা ২৯.২৭%দাম বৃদ্ধি রয়েছে। রসুন(বিদেশী) পাইকারী ১৫.২৪% হারে এবং খুচরা দাম ১৬.০৪% হারে বৃদ্ধি পেয়েছে।
- শুকনা মরিচ এর দাম জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পাইকারী দাম ১.৭৮% হারে বৃদ্ধি পেয়েছে এবং খুচরা দাম অপরিবর্তিত রয়েছে।

- কাঁচা মরিচ এর দাম জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পাইকারী দাম ৩৩.৩০% হারে এবং খুচরা দাম ৩২.৯৫% হারে হ্রাস পেয়েছে।
- আদা (দেশী) এর দাম জুলাই'২০২৩ মাসের তুলনায় আগষ্ট'২০২৩ মাসে পাইকারী দাম ২০.২৯% হারে ও খুচরা দাম ১৭.৩১% হারে হ্রাস পেয়েছে। আদা (বিদেশী) পাইকারী দাম ২৩.০২% হারে ও খুচরা দাম ২১.৯০% হারে হ্রাস পেয়েছে।
- হলুদ (গোল) এর পাইকারী দাম ১২.৬১% হারে এবং খুচরা দাম ১৩.৩৩% হারে বৃদ্ধি পেয়েছে। প্রক্ষান্তরে হলুদ (লম্বা) পাইকারী দাম ৬.২৪% হারে এবং খুচরা দাম ৭.৩৪% হারে বৃদ্ধি পেয়েছে।
- ধনিয়ার পাইকারী দাম ২.২৬% হারে এবং খুচরা দাম ২.১৭% হারে বৃদ্ধি পেয়েছে।

আগষ্ট'২০২৩ মাসে খুচরা পর্যায়ে পেঁয়াজ বিদেশী সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে ৩৪.১৫%। সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে ধনিয়া ২.১৭%। অন্যদিকে, পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে পেঁয়াজ বিদেশীর দাম ৩৫.৪৭% এবং সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে শুকনা মরিচের দাম ১.৭৮%।

**বাজারের গতি প্রবাহঃ**


ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণীর মাধ্যমে উপস্থাপন করা হলো-

**৬ মাসের পাইকারী মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম**

সারণী-১.১৩

| পণ্যর নাম | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই /২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ২৭৩৯ | ৩২৬৫ | ৬৪২০ | ৬৬৬৯ | ৫৮৭৫ | ৬৬৬৫ |
| পেঁয়াজ-বিদেশী | ২৯০৫ | ৩৩২৯ | ৫২৯৭ | ৩৭৯৭ | ৩৫৯২ | ৪৮৬৬ |
| রসুন-দেশী | ৮৫৯৬ | ৯০৫৪ | ১২২৬৭ | ১১৯৮৭ | ১৪৪৮৫ | ১৯০৯৫ |
| রসুন-বিদেশী | ১২৯৬৯ | ১২১৯৪ | ১৩৩৩৯ | ১৩৪৯৯ | ১৭০১৮ | ১৯৬১২ |
| শুকনা-মরিচ | ৩৭১২৩ | ৩৮০২৪ | ৩৭৫৯২ | ৩৭২৮১ | ৩৮৬৪৬ | ৩৯৩৩৫ |
| কাঁচা মরিচ | ৭৬৬০ | ৫৬৯৮ | ৯৪৬৬ | ১৪০৫৩ | ২২৬৮৫ | ১৫১৩১ |
| আদা-দেশী | ৯৯৮৮ | ১২৬২০ | ১৯৬০৩ | ২৬৬৪০ | ২৬০০৯ | ২০৭৩২ |
| আদা-বিদেশী | ১০৭৫৪ | ১৩৯২৪ | ২১৫৮৬ | ২৫৮৪৭ | ২১২১২ | ১৬৩২৯ |
| হলুদ-গোল | ১৩৫৩৯ | ১৩৫৬০ | ১৩৫০১ | ১৩৮০৭ | ১৪৬৪১ | ১৬৪৮৭ |
| হলুদ-লম্বা | ১৪৭৯৬ | ১৪৮৫০ | ১৫১৫৭ | ১৫১৯৫ | ১৫৬৪৭ | ১৬৬২৩ |
| ধনিয়া | ১১৫৮০ | ১২০৭৪ | ১৪০১৪ | ১৫৮৬১ | ১৬৪১৭ | ১৬৭৮৮ |

**মার্চ '২৩ হতে আগষ্ট '২৩ মাস পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ**





**৬ মাসের পাইকারী মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রম**

সারণী-১.১৪

| পণ্যর নাম | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৩৩ | ৩৮ | ৬৫ | ৬৮ | ৬৫ | ৭৩ |
| পেঁয়াজ-বিদেশী | ৩৪ | ৪০ | ৫৫ | ৪৪ | ৪১ | ৫৫ |
| রসুন-দেশী | ৯৮ | ১১৬ | ১৩৯ | ১৩৯ | ১৬৪ | ২১২ |
| রসুন-বিদেশী | ১৪৭ | ১৩৯ | ১৫০ | ১৫১ | ১৮৭ | ২১৭ |
| শুকনা-মরিচ | ৪১১ | ৪১৮ | ৪১৮ | ৪১৭ | ৪২৭ | ৪২৭ |
| কাঁচা মরিচ | ৯২ | ৭৩ | ১১৪ | ১৬৫ | ২৬৪ | ১৭৭ |
| আদা-দেশী | ১১৯ | ১৪৭ | ২২০ | ২৮৯ | ২৮৩ | ২৩৪ |
| আদা--বিদেশী | ১২৪ | ১৫৯ | ২৪০ | ২৮৭ | ২৪২ | ১৮৯ |
| হলুদ-গোল | ১৫২ | ১৫২ | ১৫১ | ১৫৩ | ১৬৫ | ১৮৭ |
| হলুদ-লম্বা | ১৬৪ | ১৬৬ | ১৭১ | ১৭২ | ১৭৭ | ১৯০ |
| ধনিয়া | ১৩৪ | ১৩৭ | ১৫৯ | ১৮০ | ১৮৪ | ১৮৮ |

**মার্চ '২৩ হতে আগষ্ট '২৩ পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ।**




বিগত ৬ মাসের পাইকারী ও খুচরা বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ দেশী ও বিদেশী, রসুন দেশী ও বিদেশী, গোল-লম্বা এবং ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে

## অর্থকরী ফসলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক পর্যালোচনা প্রতিবেদন (তামাক, পাট ও তুলা)

**সার সংক্ষেপঃ**

২০২৩-২০২৪ অর্থ বছরে সামগ্রিক ভাবে ১,১২,৯২৭ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৯১,৫৭৩ মেঃ টন তামাক উৎপাদন করা যায়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে মার্চ থেকে জুন মাসের মধ্যে। এরপর দেশি জাতের তামাক ক্রয় বিক্রয় হয়।

জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ১.০৬% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য স্থিতিশীল রয়েছে। আগষ্ট/২০২২ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২২.৬৯% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ৪.৪০% বৃদ্ধি পেয়েছে।

জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য -১.১২% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে।

জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -৫.৬০% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৫১.৭০% হ্রাস পেয়েছে।

জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ০.৪৭% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৭.৬৩% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.৫১% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ২৮.৫০% বৃদ্ধি পেয়েছে।

জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৭৭% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য -৬.৯২% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -৯.৮৪% হ্রাস পেয়েছে।


**পণ্যঃ তামাক**

ভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে  ২০২১-২০২২ অর্থ বছরে সামগ্রিক ভাবে ১,১২,৯২৭ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৯১,৫৭৩ মেঃ টন তামাক উৎপাদন হয়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও ডিভি তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমাণ বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারি গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

**<u>তামাক ফসলের পাইকারি মূল্য পরিস্থিতি</u>**

সারণী-১.১৫ টাকা/কুইন্টাল

| পণ্যের নাম | আগষ্ট/২০২৩ | জুলাই/২০২৩ | আগষ্ট/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| মতিহার | ১৫৭১৫ | ১৫৫৫০ | ১২৮০৯ | ১.০৬% | ২২.৬৯% |
| জাতি | ১৯০০০ | ১৯০০০ | ১৮২০০ | ০.০০% | ৪.৪০% |




জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ১.০৬% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য স্থিতিশীল রয়েছে। আগষ্ট/২০২২ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২২.৬৯% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ৪.৪০% বৃদ্ধি পেয়েছে।


**<u>জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে তামাকের বাজার মুল্যের তুলনাঃ</u>**

**তামাক ফসলের খুচরা মূল্য পরিস্থিতি**

সারণী-১.১৬ টাকা/কেজি

| পণ্যের নাম | আগষ্ট/২০২৩ | জুলাই/২০২৩ | মাসিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মতিহার | ১৭৬.০০ | ১৭৮.০০ | -১.১২% |
| জাতি | ২১৫.০০ | ২১৫.০০ | ০.০০% |

**তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র**




জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য -১.১২% হ্রাস পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে।

**পাটঃ**


প্রধান তিনটি আঁশ ফসল হলো পাট, কেনাফ ও মেস্তা। এদের মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়।

## পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি

সারণী-১.১৭ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | আগষ্ট/২০২৩ | জুলাই/২০২৩ | আগস্ট/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| পাট (তোষা) | ৫৭৪৮ | ৬০৮৯ | ১১৯০০ | -৫.৬০% | -৫১.৭০% |
| তুলা (শিমুল) | ৩৯৭৭৩ | ৩৯৯৬১ | ৩৮০৫৬ | -০.৪৭% | ৪.৫১% |
| তুলা (কার্পাস) | ১৯৬৪৩ | ১৮২৫০ | ১৫২৮৬ | ৭.৬৩% | ২৮.৫০% |

**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্রঃ**




**পাটঃ** জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -৫.৬০% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৫১.৭০% হ্রাস পেয়েছে।


**তুলাঃ** জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ০.৪৭% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৭.৬৩% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ৪.৫১% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ২৮.৫০% বৃদ্ধি পেয়েছে।

**তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি**

সারণী-১.১৮ **(টাকা/কেজি)**

| পণ্যের নাম | আগষ্ট/২০২৩ | জুলাই/২০২৩ | আগস্ট/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| তুলা (শিমুল) | ৪৭১.০০ | ৪৭১.০০ | ৫০৬.০০ | ০.০০% | -৬.৯২% |
| তুলা (কার্পাস) | ২২০.০০ | ২০৮.০০ | ২৪৪.০০ | ৫.৭৭% | -৯.৮৪% |

**তুলা ফসলের খুচরা মূল্য চিত্র**



**পাটঃ** জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেখানো হয়নি।

**তুলাঃ** জুলাই/২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য স্থিতিশীল রয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৭৭% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য -৬.৯২% হ্রাস পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য -৯.৮৪% হ্রাস পেয়েছে।

**কতিপয় প্রাণি সম্পদ ও মৎস্য সম্পদের জাতীয় পাইকারী গড় বাজারদরের মাসিক ও বার্ষিক হ্রাস-বৃদ্ধির পর্যালোচনা প্রতিবেদনঃ**

সারণী-১.১৯ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | গত মাস: | চলতি মাস | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%) | গত বছর | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| | জুলাই/২০২৩ | আগষ্ট/২০২৩ | | আগষ্ট/২০২২ | |
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ৪৮২৭০ | ৪৬২৮৩ | -৪.১২% | ৪০৩৪৪ | ১৪.৭২% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ৪৭২৭৩ | ৪৫১২৯ | -৪.৫৪% | ৩৯৮০৬ | ১৩.৩৭% |
| মোরগ-মুরগী-(ফার্ম) | ১৫৫৭০ | ১৫৭৮৫ | ১.৩৮% | ১৫৪০৬ | ২.৪৬% |
| গরুর মাংস | ৭০০৮৭ | ৭০২২১ | ০.১৯% | ৬১৩৫৯ | ১৪.৪৪% |
| খাসীর মাংস | ৯১৪০২ | ৯১৮৪৮ | ০.৪৯% | ৭৯২১৭ | ১৫.৯৪% |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ১৪৯৭ | ১৫৭৩ | ৫.০৮% | ১২৯৬ | ২১.৩৭% |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১০৮৪ | ১১৬৩ | ৭.২৯% | ৯৯৩ | ১৭.১২% |
| মাছ রুই (মাঝারী) | ৩৪৭১৬ | ৩৫০৮০ | ১.০৫% | ৩০২২৮ | ১৬.০৫% |
| মাছ রুই ( ছোট) | ২৭৯৩৪ | ২৮৫০৩ | ২.০৪% | ২৪৬৮৫ | ১৫.৪৭% |
| মাছ কাতল (মাঝারী) | ৩৩২৭৪ | ৩৩৭৮৪ | ১.৫৩% | ২৮৬৮২ | ১৭.৭৯% |
| মাছ কাতল (ছোট) | ২৬১৮৯ | ২৭২৬২ | ৪.১০% | ২২৮৯১ | ১৯.০৯% |
| মাছ পাংগাস(ছোট) | ১৫০৫৮ | ১৫৩০৬ | ১.৬৫% | ১২৮৮৪ | ১৮.৮০% |
| মাছ ইলিশ | ৮৮৫৯৮ | ৯১৩৩১ | ৩.০৮% | ৭৯৬৯৬ | ১৪.৬০% |
| মাছ সিলভার কার্প | ১৬৯৪৯ | ১৭৪৩১ | ২.৮৪% | ১৩৭২২ | ২৭.০৩% |


**জুলাই /২০২৩ এর তুলনায় আগষ্ট /২০২৩ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্ধির হারঃ**

সারণী-১.২০ **টাকা/কুইন্টাল**

| **হ্রাসকৃত পণ্যের নাম** | **হ্রাসের হার (%)** | **বৃদ্ধিপ্রাপ্ত পণ্যের নাম** | **বৃদ্ধির হার (%)** |
|---|---|---|---|
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ৪.১২% | মোরগ-মুরগী-(ফার্ম) | ১.৩৮% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ৪.৫৪% | গরুর মাংস | ০.১৯% |
| | | খাসীর মাংস | ০.৪৯% |
| | | ডিম-মুরগী-দেশী (১০০)টি | ৫.০৮% |
| | | ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ৭.২৯% |
| | | মাছ রুই (মাঝারী) | ১.০৫% |
| | | মাছ রুই ( ছোট) | ২.০৪% |

| | | | |
|---|---|---|---|
| | | মাছ কাতল (মাঝারী) | ১.৫৩% |
| | | মাছ কাতল (ছোট) | ৪.১০% |
| | | মাছ পাংগাস(ছোট) | ১.৬৫% |
| | | মাছ সিলভার কার্প | ২.৮৪% |
| | | মাছ ইলিশ | ০.০৫% |

**জুলাই /২০২৩ মাসের  তুলনায় আগষ্ট /২০২৩ মাসের পণ্যে মূল্যের হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




জুলাই /২০২৩ মাসের তুলনায় আগষ্ট/২০২৩  এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে মোরগ-মুরগী-(ফার্ম  .১.৩৮%, গরুর মাংস ০..১৯%, খাসীর মাংশ ০.৪৯%, ডিম-মুরগী-দেশী(১০০)টি ৫.০৮%, ডিম-মুরগী-ফার্ম ) ৭.২৯%,,মাছ রুই (মাঝারী) ১.০৫%, রুই (ছোট) ২.০৪%, কাতল (মাঝারী) ১.৫৩ %,  কাতল (ছোট) ৪.১০ %, মাছ পাঙ্গাস (ছোট) ১.৬৫ %, সিলভার কার্প ২.৮৪%, মাছ ইলিশ ০.০৫ %, এর  মূল্য  বৃদ্ধি পেয়েছে।

জুলাই /২০২৩ মাসের  তুলনায় আগষ্ট /২০২৩  এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে মোরগ-মুরগী-দেশি (বড়) ৪.১২%, মোরগ-মুরগী-দেশি (মাঝারী ৪.৫৪ %  এর  মূল্য **হ্রাস**  পেয়েছে।

**বৃদ্ধির কারণঃ**

১. চাহিদার তুলনায় সরবরাহ কম;

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে;

৩.  পরিবহন খরচ অস্বাভাবিকভাবে  বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে;

৪ .  শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে;

৫.  ফিডের মূল্য বৃদ্ধি, বড়  কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট  খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী  প্রাণিসম্পদ ক্যাটাগরির (ডিম,মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

**হ্রাসের কারণঃ**

**হ্রাসের** কারণগুলো নিচে দেওয়া হলো।


১. এইসব পণ্যের  সরবরাহ স্বাভাবিক  থাকার ফলে এবং চহিদা তুলনামূলক কম থাকার কারণে মূল্য কিছুটা হ্রাস পেয়েছে।

**আগষ্ট / ২০২২ এর তুলনায় আগষ্ট / ২০২৩  এর পণ্য মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ**

সারণী-১.২১ (টাকা/কুইন্টাল)

| **হ্রাসকৃত পণ্যের নাম** | **হ্রাসের হার (%)** | **বৃদ্ধি প্রাপ্ত পণ্যের নাম** | **বৃদ্ধির হার (%)** | |
|---|---|---|---|---|
| | | মোরগ-মুরগী-দেশি (বড়) | ১৪.৭২% | |
| | | মোরগ-মুরগী-(মাঝারী) | ১৩.৩৭% | |
| | | মোরগ-মুরগী-(ফার্ম) | ২.৪৬% | |
| | | গরুর মাংস | ১৪.৪৪% | |
| | | খাসীর মাংস | ১৫.৯৪% | |
| | | ডিম-মুরগী-দেশী (১০০)টি | ২১.৩৭% | |
| | | ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১৭.১২% | |
| | | মাছ রুই (মাঝারী) | ১৬.০৫% | |
| | | মাছ রুই ( ছোট) | ১৫.৪৭% | |
| | | মাছ কাতল (মাঝারী) | ১৭.৭৯% | |
| | | মাছ কাতল (ছোট) | ১৯.০৯% | |
| | | মাছ পাঙ্গাস (ছোট) | ১৮.৮৩% | |
| | | মাছ ইলিশ | ১১.২২% | |
| | | মাছ সিলভার কার্প | ২৭.০৩% | |

**আগষ্ট / ২০২২  এর তুলনায় আগষ্ট /২০২৩ মাসের পণ্যে মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্ধির পার্থক্য নিম্নে গ্রাফের সাহায্যে  দেখানো হলোঃ**




আগষ্ট /২০২২ এর তুলনায় আগষ্ট /২০২৩ মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশি (বড়) ১৪.৭২%, মোরগ-মুরগী-দেশি (মাঝারী) ১৩.৩৭%, মোরগ-মুরগী-(ফার্ম) ২.৪৬%, গরুর মাংস ১৪.৪৪%, খাসীর মাংস ১৫.৯৪%, ডিম-মুরগী-দেশী (১০০)টি ২১.৩৭ %, ডিম-মুরগী-ফার্ম (১০০), ১৭.১২ %, মাছ রুই (মাঝারী) ) ১৬. ৫.%,মাছ রুই (ছোট) ১৫.৪৭%, মাছ কাতল (মাঝারী) ১৭.৭৯ %, মাছ কাতল (ছোট) ১৯.০৯%, পাঙ্গাস (ছোট)) ১৮.৮৩ %, মাছ ইলিশ ১১.১২ %, মাছ সিলভার কার্প ২৭.০৩% এর মূল্য উল্লেখিত হারে বৃদ্ধি পেয়েছে।

**হ্রাস/বৃদ্ধির কারণঃ**

আগষ্ট /২০২২ এর তুলনায় আগষ্ট /২০২৩ মাসের বাৎসরিক তুলনামূলক পর্যালোচনায় করলে দেখা যায় যে, সকল মৎস্য ও প্রাণি সম্পদের মূল্য বৃদ্ধি পেয়েছে। বৃদ্ধির কারণগুলো নিচে দেওয়া হলো।

১. চাহিদার তুলনায় সরবরাহ কম।

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে

৩. মাছ ও পশু খাদ্যের মূল্য অস্বাভাবিকহারে বৃদ্ধি।

৪. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে।

৫. শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৬. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (ডিম,মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

**রিপোর্টিং মাসঃ আগষ্ট/২০২৩ মাসের কতিপয় পণ্যের সর্বোচ্চ ও সর্বনিম্ন বাজার দরঃ**

সারণী-১.২২ টাকায় (কুইন্টাল/প্রতিশত)

| পণ্যের নাম | সর্বোচ্চ দর | | সর্বনিম্ন দর | |
|---|---|---|---|---|
| | জেলার নাম | টাকা | জেলার নাম | টাকা |
| মোরগ-মুরগী-(ফার্ম) | জয়পুরহাট | ১৮৭৫০ | রামগড় | ১০৭৫০ |
| গরুর মাংস | নোয়াখালি | ৭৭৭৫০ | পটিয়া | ৬২৫০০ |
| খাসীর মাংস | নোয়াখালি | ১০৫৫০০ | হবিগগঞ্জ | ৮০০০০ |
| মুরগীর- ডিম ফার্ম ১০০)টি | খাগড়াছড়ি | ১২৭৫ | জয়পুরহাট | ৯৯০ |
| রুই মাছ (মাঝারী)দেশী | খুলনা | ৫০০০০ | বরগুনা | ২৫৫০০ |
| ইলিশ মাছ (৬০০-৭০০গ্রাম) | সিলেট | ১৬০০০০ | চট্রগ্রাম(৪০০-৫০০গ্রাম) | ৫৭৫০০ |

**শাক-সবজির বাজার মূল্য পরিস্থিতির মাসিক/বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন।**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজার দরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্যানুযায়ী শাক-সবজির আগষ্ট/২০২৩ খ্রি: মাসের মাসিক ও বার্ষিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ:


**আগষ্ট/২০২৩ মাসে শাকসবজির পাইকারী ও খুচরা মূল্যের সার্বিক পরিস্থিতি**

সারণী-১.২৩ **আগষ্ট/২০২৩ মাসে শাক-সবজির পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি**

| ক্রঃ নং | পণ্যের নাম | পাইকারী (পরিমাণঃ প্রতি কুইঃ) | | | | | খুচরা (পরিমাণঃ প্রতি কেজি) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২২ | | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২২ | | |
| ১ | আলু দেশী | ৪,২৭৭ | ৪,১৬৩ | ২,৭৬৩ | ২.৭৪% | ৫৪.৮০% | ৪৮.২৩ | ৪৭.৪৩ | ৩২.৪২ | ১.৬৯% | ৪৮.৭৭% |
| ২ | আলু হল্যান্ড সাদা | ৩,৪০৬ | ৩,৩৬২ | ২,২৪২ | ১.৩১% | ৫১.৯২% | ৩৯.০৩ | ৩৮.৩৮ | ২৬.৬৩ | ১.৬৯% | ৪৬.৫৬% |
| ৩ | আলু হল্যান্ড লাল | ৩,৪০৪ | ৩,৩০৪ | ২,২৬৭ | ৩.০৩% | ৫০.১৫% | ৩৮.৯৭ | ৩৭.৮৮ | ২৬.৭৪ | ২.৮৮% | ৪৫.৭৪% |
| ৪ | মিষ্টি আলু | ২,৭৯৫ | ২,৮৩৬ | ২,১১০ | -১.৪৫% | ৩২.৪৬% | ৩৪.৭৮ | ৩৩.৭৮ | ২৫.৪২ | ২.৯৬% | ৩৬.৮২% |
| ৫ | বেগুন (লম্বা) | ৩,৭৭৩ | ৩,৮১০ | ৩,৪০৯ | -০.৯৭% | ১০.৬৮% | ৪৬.৬৭ | ৪৭.০১ | ৪২.৪৬ | -০.৭২% | ৯.৯২% |
| ৬ | বেগুন (গোল) | ৪,৪৪৬ | ৪,৫৯২ | ৩,৭০৭ | -৩.১৮% | ১৯.৯৪% | ৫৪.২৮ | ৫৫.২২ | ৪৬.৯৮ | -১.৭০% | ১৫.৫৪% |
| ৭ | পটল | ৩,০২৬ | ২,৯৩৯ | ২,৬৮২ | ২.৯৬% | ১২.৮৩% | ৩৮.১০ | ৩৭.৫৫ | ৩৪.৭৫ | ১.৪৬% | ৯.৬৪% |
| ৮ | চালকুমড়া(১০০টি/প্রতিটি) | ২,৬৩৪ | ২,৬১০ | ২,২৬৭ | ০.৯২% | ১৬.১৯% | ৩৩.৯৫ | ৩৩.৮৫ | ২৯.৯৭ | ০.৩০% | ১৩.২৮% |
| ৯ | মিষ্টিকুমড়া | ২,৬৪৭ | ২,৪৭০ | ২,৫৩৪ | ৭.১৭% | ৪.৪৬% | ৩৩.৪৮ | ৩১.৭৮ | ৩২.৮৭ | ৫.৩৫% | ১.৮৬% |
| ১০ | লাউ (১০০টি/প্রতিটি) | ৩,০৪৩ | ৩,১৬৫ | ২,৭৪৮ | -৩.৮৫% | ১০.৭৪% | ৪০.৫৯ | ৪১.৭৭ | ৩৬.০৬ | -২.৮২% | ১২.৫৬% |
| ১১ | উচ্ছে | ৬,০৯১ | ৬,০৮১ | ৪,২৬০ | ০.১৬% | ৪২.৯৮% | ৬৯.০১ | ৭২.৭০ | ৫৪.০৯ | -৫.০৮% | ২৭.৫৮% |
| ১২ | করলা | ৪,৩৮৪ | ৫,৬৭২ | ৪,০৬৪ | -২২.৭১% | ৭.৮৭% | ৬৪.৮২ | ৬৮.২১ | ৫০.৩৪ | -৪.৯৭% | ২৮.৭৬% |
| ১৩ | কাঁচা পেঁপে | ২,২৮১ | ২,৮৪৯ | ১,৭০৪ | -১৯.৯৪% | ৩৩.৮৬% | ৩০.৫১ | ৩৬.৫২ | ২৩.৪২ | -১৬.৪৬% | ৩০.২৭% |
| ১৪ | মুখিকচু | ৫,১৩০ | ৫,৩৩৫ | ৩,০৩১ | -৩.৮৪% | ৬৯.২৫% | ৬১.৬৯ | ৬৪.০৯ | ৩৮.০৪ | -৩.৭৪% | ৬২.১৭% |
| ১৫ | কচুরলতি | ৪,৩০০ | ৪,৪২৪ | ৩,৩২৫ | -২.৮০% | ২৯.৩২% | ৫৩.১৬ | ৫৪.৬৯ | ৪১.৭২ | -২.৮০% | ২৭.৪২% |
| ১৬ | ঢেঁড়স | ৩,৩৯৯ | ৩,০৬৩ | ২,৭১০ | ১০.৯৭% | ২৫.৪২% | ৪২.৭৬ | ৩৮.৯৯ | ৩৫.৩৫ | ৯.৬৭% | ২০.৯৬% |
| ১৭ | শসা | ৩,২৮২ | ২,৯০০ | ৩,৫১০ | ১৩.১৭% | -৬.৫০% | ৪২.০৪ | ৩৭.৮৩ | ৪৩.৩৬ | ১১.১৩% | -৩.০৪% |
| ১৮ | ক্ষিরা | ৩,২১২ | ২,৭৩৯ | ৩,১৬৬ | ১৭.২৭% | ১.৪৫% | ৪১.১০ | ৩৬.৯৩ | ৩৯.৯৩ | ১১.২৯% | ২.৯৩% |
| ১৯ | বরবটি | ৪,৬৯৬ | ৪,১৬৬ | ৩,৭৫২ | ১২.৭২% | ২৫.১৬% | ৫৭.৩৭ | ৫১.৮৭ | ৪৭.০৪ | ১০.৬০% | ২১.৯৬% |
| ২০ | টমেটো-পাঁকা | ১৪,২৬০ | ১১,১২৫ | ৮,১৮৬ | ২৮.১৮% | ৭৪.২০% | ১৬৩.৮১ | ১৩২.১৪ | ১০৩.৬১ | ২৩.৯৭% | ৫৮.১০% |
| ২১ | ঝিংগা | ৩,৯২২ | ৩,৭২৭ | ৩,১১৪ | ৫.২৩% | ২৫.৯৫% | ৪৮.৪২ | ৪৭.০৫ | ৩৯.২৫ | ২.৯১% | ২৩.৩৬% |
| ২২ | চিচিংগা | ৩,২১২ | ৩,১৭১ | ২,৬৫৫ | ১.২৯% | ২০.৯৮% | ৪০.৭০ | ৪০.২৬ | ৩৪.২৬ | ১.০৯% | ১৮.৮০% |
| ২৩ | ধুন্দল | ২,৭৮২ | ২,৮২৬ | ২,২০৩ | -১.৫৬% | ২৬.২৮% | ৩৬.৮৮ | ৩৬.৪৩ | ২৯.৯৫ | ১.২৪% | ২৩.১৪% |
| ২৪ | লালশাক | ২,৩০৪ | ২,৩৫২ | ২,২০৩ | -২.০৪% | ৪.৫৮% | ৩০.৫৩ | ৩১.২০ | ২৯.৬৬ | -২.১৫% | ২.৯৩% |
| ২৫ | পালংশাক | ২,০০৮ | ১,৮৬৩ | ২,৪০৩ | ৭.৭৮% | -১৬.৪৪% | ৩১.২৮ | ২৫.৮৮ | ৩১.৯৭ | ২০.৮৭% | -২.১৬% |
| ২৬ | পুঁইশাক | ১,৭৬৮ | ১,৬৭৫ | ১,৫৭৩ | ৫.৫৫% | ১২.৪০% | ২৩.৮১ | ২৩.৬৯ | ২১.৮৫ | ০.৫১% | ৮.৯৭% |
| ২৭ | ডাটা | ১,৯৭৭ | ২,০৪১ | ১,৬৮২ | -৩.১৪% | ১৭.৫৪% | ২৭.০৬ | ২৭.৬৪ | ২৩.৮৭ | -২.১০% | ১৩.৩৬% |
| ২৮ | গাজর | ১০,০৪৪ | ৮,৭৯০ | ৯,৭৪৭ | ১৪.২৭% | ৩.০৫% | ১১৭.৬১ | ১০৪.৩৩ | ১২০.২৪ | ১২.৭৩% | -২.১৯% |
| ২৯ | কাঁচাকলা (৮০টি/৪টি) | ৫৪৬ | ৪৭৬ | ৪০৫ | ১৪.৭১% | ৩৪.৮১% | ২৯.২৫ | ৩০.১৮ | ২৭.৯৭ | -৩.০৮% | ৪.৫৮% |
| ৩০ | মূলা | ৩,১৪৩ | ৩,২৭৭ | ৩,০৫২ | -৪.০৯% | ২.৯৮% | ৪১.৬৯ | ৪১.৩৮ | ৩৭.০৯ | ০.৭৫% | ১২.৪০% |

**গত মাসের তুলনায় সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ও হ্রাসপ্রাপ্ত শাক সবজি**


**পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ**




| | টমেটো-পাঁকা | ক্ষিরা | কাঁচাকলা (৮০টি) | গাজর | শসা |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ১৪,২৬০ | ৩,২১২ | ৫৪৬ | ১০,০৪৪ | ৩,২৮২ |
| জুলাই/২৩ | ১১,১২৫ | ২,৭৩৯ | ৪৭৬ | ৮,৭৯০ | ২,৯০০ |

শাকসবজির বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, গত জুলাই/২৩ মাসের তুলনায় আগষ্ট/২৩ মাসে পাইকারী পর্যায়ে টমেটো-পাঁকা ২৮.১৮%, ক্ষিরা ১৭.২৭%, কাঁচাকলা ১৪.৭১%, গাজর ১৪.২৭% ও শসা ১৩.১৭% বৃদ্ধি পেয়েছে। টমেটো-পাঁকা, ক্ষিরা, কাঁচাকলা, গাজর ও শসা সবজির মৌসুম শেষ হওয়ায় বাজারে সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।


**পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ**




| | করলা | কাঁচা পেঁপে | মূলা | লাউ (১০০টি) | মুখিকচু |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ৪,৩৮৪ | ২,২৮১ | ৩,১৪৩ | ৩,০৪৩ | ৫,১৩০ |
| জুলাই/২৩ | ৫,৬৭২ | ২,৮৪৯ | ৩,২৭৭ | ৩,১৬৫ | ৫,৩৩৫ |

জুলাই/২৩ মাসের তুলনায় আগষ্ট/২৩ মাসে করলা, ২২.৭১%, কাঁচাপেঁপে ১৯.৯৪%, লাউ ৩.৮৫% ও মুখিকচু ৩.৮৪% পর্যন্ত পাইকারী পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য জুন মাসের তুলনায় জুলাই মাসে ভরা মৌসুম থাকায় বাজারে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য হ্রাস পেয়েছে।


**খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধিপ্রাপ্ত ৫টি পণ্যঃ**




| | টমেটো-পাঁকা | পালংশাক | গাজর | ক্ষিরা | শসা |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ১৬৩.৮১ | ৩১.২৮ | ১১৭.৬১ | ৪১.১০ | ৪২.০৪ |
| জুলাই/২৩ | ১৩২.১৪ | ২৫.৮৮ | ১০৪.৩৩ | ৩৬.৯৩ | ৩৭.৮৩ |

পাইকারী মূল্যের সাথে সংগতি রেখে খুচরা বাজারেও জুলাই/২৩ মাসের তুলনায় আগষ্ট/২৩ মাসে খুচরা পর্যায়ে টমেটো-পাঁকা ২৩.৯৭%, পালংশাক ২০.৮৭%, গাজর ১২.৭৩%, ক্ষিরা ১১.২৯% ও শসা ১১.১৩% বৃদ্ধি পেয়েছে। টমেটো-পাঁকা, পালংশাক, গাজর, ক্ষিরা ও শসা সবজির মৌসুম শেষ হওয়ায় বাজারে সরবরাহ কম থাকায় মূল্য বৃদ্ধি পেয়েছে।

**খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাসপ্রাপ্ত ৫টি পণ্যঃ**





| | কাঁচা পেঁপে | উচ্ছে | করলা | মুখিকচু | কাঁচাকলা (৪টি) |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ৩০.৫১ | ৬৯.০১ | ৬৪.৮২ | ৬১.৬৯ | ২৯.২৫ |
| জুলাই/২৩ | ৩৬.৫২ | ৭২.৭০ | ৬৮.২১ | ৬৪.০৯ | ৩০.১৮ |

পাইকারী বাজারের সাথে সংগতি রেখে খুচরা পর্যায়েও জুলাই/২৩ মাসের তুলনায় আগষ্ট/২৩ মাসে কাঁচা পেঁপে ১৬.৪৬%, উচ্ছে ৬.০৮%, করলা ৪.৭৪%, মুখিকচু ৩.৭৪% ও কাঁচাকলা ৩.০৮% পর্যন্ত খুচরা পর্যায়ে কমেছে। উল্লেখিত পণ্য জুলাই মাসের তুলনায় আগষ্ট মাসে ভরা মৌসুম থাকায় বাজারে সরবরাহ বেশী থাকায় এর মূল্য হ্রাস পেয়েছে।

**নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিনে প্রায় ৪০টি শাকসবজির পাইকারী ও খুচরা বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল শাকসবজির তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-৫ শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে যা বছরজুড়ে পাওয়া যায় যথা আলু (সাদা ও লাল), বেগুন (লম্বা), শসা, কাঁচাপেঁপে, লাউ, গাজর, টমেটো, লালশাক ও পুঁইশাক।


**আলু সাদা**




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ১৫৬৭ | ২১৬৬ | ২৯২৯ | ৩১৬৯ | ৩৩৬২ | ৩৪০৬ |
| খুচরা | ১৯.২৭ | ২৫.৬৮ | ৩৩.৮০ | ৩৬.১৭ | ৩৮.৩৮ | ৩৯.০৩ |


আলু (সাদা) এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় মার্চ মাস হতে আগষ্ট পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় মার্চ হতে আগষ্ট মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে ৩১.৬২% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। এপ্রিল মাসে হিমাগারে আলু সংরক্ষণ করায় বাজারে আলুর সরবরাহ হ্রাস পায় ফলে আলুর মূল্য বৃদ্ধি পায়।

**আলু লাল**





আলু (লাল) এর বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় মার্চ মাস হতে আগষ্ট পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। বাজারে আলুর সরবরাহ কম থাকায় মার্চ হতে আগষ্ট মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায়ে ৩৫.৭৪% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়। এপ্রিল মাসে হিমাগারে আলু সংরক্ষণ করায় বাজারে আলুর সরবরাহ হ্রাস পায় ফলে আলুর মূল্য বৃদ্ধি পায়।

**বেগুন (লম্বা)**





বেগুন (লম্বা) এর বিগত ছয় মাসের লেখচিত্রে বাজারদরের মিশ্র প্রবণতা দেখা যায়। মার্চ/২৩ মাসের তুলনায় এপ্রিল মাসে পাইকারী ও খুচরা পর্যায়ে মূল্য বৃদ্ধি পেয়ে মে মাসে হ্রাস পেয়েছে। এপ্রিল মাসে রমজান মাস ছিল। রমজান মাসে বেগুনের চাহিদা বেশী থাকায় বাজারদর উর্দ্ধমুখী ছিল। রমজান শেষে বেগুনের চাহিদা কমে যাওয়ায় মে মাসে পাইকারী ও খুচরা পর্যায়ে প্রায় ৪% হ্রাস পেয়েছে। আবার জুন মাস হতে জুলাই মাসে বেগুন উৎপাদন ও সরবরাহ কম থাকায় দর প্রায় ১৫% বৃদ্ধি পেয়েছে। জুলাই মাসের তুলনায় আগষ্ট মাসে মূল্য হ্রাস পেয়েছে।

**লাউ**





বিগত ছয় মাসের লেখচিত্র থেকে লাউ এর বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। মার্চ/২৩ মাসের তুলনায় এপ্রিল, মে মাসে বাজারে লাউয়ের সরবরাহ হ্রাস পাওয়ার ফলে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ১৮% ও ১৪% পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। আবার জুন মাসে বর্ষার মৌসুমে লাউ সবজির চাহিদা কিছুটা কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য সামান্য হ্রাস পেয়েছে। জুন মাসের তুলনায় জুলাই মাসে বাজারে লাউয়ের সরবরাহ কম থাকায় মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে। আবার জুলাইয়ের তুলনায় আগষ্ট মাসে লাউয়ের মূল্য হ্রাস পেযেছে।

**<u>কাঁচাপেঁপে</u>**




কাঁচাপেঁপের ক্ষেত্রে বাজারদর উর্দ্ধমুখী দেখা যায়। মার্চ/২৩ মাসের তুলনায় এপ্রিল মাসে বাজারদর সামান্য বৃদ্ধি পায়। মে মাসে বাজারে পেঁপের সরবরাহ কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে প্রায় ৪৮.১৯% ও ৪২.৮৯% বৃদ্ধি পেয়েছে। আবার মে মাসের তুলনায় জুন, জুলাই ও আগষ্ট মাসে পেঁপের সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা পর্যায় মূল্য প্রায় ২০% হ্রাস পেয়েছে।


**<u>শসা</u>**




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ২৭৫৬ | ৪০৬১ | ৩৪৭৫ | ৩০১৬ | ২৯০০ | ৩২৮২ |
| খুচরা | ৩৫.২৯ | ৫১.০০ | ৪৩.৮৪ | ৪১.০৬ | ৩৭.৮৩ | ৪২.০৪ |

শসা'র ক্ষেত্রে বিগত ছয় মাসের বাজারদরের চিত্র আপেক্ষিক স্থিতিশীল। মার্চ মাসের শেষ সপ্তাহে এবং এপ্রিলে রমজান উপলক্ষ্যে শসার চাহিদা বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ৪৭% বৃদ্ধি পায়। মে, জুন ও জুলাই মাসে শসার সরবরাহ বৃদ্ধি পাওয়ায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ২৫% হ্রাস পেয়েছে। আবার জুলাইয়ের তুলনায় আগষ্ট মাসে শসার মূল্য হ্রাস পেয়েছে।


**<u>টমেটো</u>**




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ১৮৩২ | ২৩৫৫ | ৩২৪৩ | ৪৭৭৫ | ১১১২৫ | ১৪২৬০ |
| খুচরা | ২৩.৫৫ | ৩১.২৮ | ৪১.৭৫ | ৫৯.৪৮ | ১৩২.১৪ | ১৬৩.৮১ |


বিগত ছয় মাসের টমেটোর বাজারদর উর্দ্ধমুখী দেখা যায়। মার্চ মাসের তুলনায় এপ্রিল, মে ও জুন মাস পর্যন্ত পাইকারী ও খুচরা পর্যায় টমেটোর বাজারদর সামান্য বৃদ্ধি পেলেও জুলাই ও আগষ্ট মাসে বাজারদর বেশী বৃদ্ধি পেয়েছে। মে মাস হতে টমেটোর মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও টমেটোর সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত টমেটোর উপর নির্ভরশীল থাকায় জুলাই ও আগষ্ট মাসে ১৩২.৯৮% পর্যন্ত মূল্য বৃদ্ধি পায়।

**<u>লাল শাক</u>**





লালশাক এর বিগত ছয় মাসের বাজারদরের লেখচিত্র থেকে দেখা যায় যে, মার্চ/২৩ মাসের তুলনায় এপ্রিল, মে, জুন ও জুলাই পর্যন্ত পাইকারী ও খুচরা মূল্য প্রতিমাসে গড়ে ৫-৮% বৃদ্ধি পেয়েছে। আবার জুলাইয়ের তুলনায় আগষ্ট মাসে কিছুটা হ্রাস পেয়েছে।

## পুঁই শাক




পুঁইশাক এর বাজারদরের বিগত ছয় মাসের লেখচিত্র থেকে নিম্নমুখী দেখা যায়। মার্চ মাসের তুলনায় এপ্রিল হতে জুলাই মাস পর্যন্ত পাইকারী ও খুচরা বাজারদর প্রতিমাসে গড়ে প্রায় ৩-৪% পর্যন্ত হ্রাস পেয়েছে। জুলাইয়ের তুলনায় আগষ্ট মাসে ৫.৫৫% মূল্য বৃদ্ধি পেয়েছে।

## গাজর




বিগত ছয় মাসের লেখচিত্রে দেখা যায় মার্চ/২৩ হতে আগষ্ট পর্যন্ত গাজরের বাজার মূল্য উর্দ্ধমুখী দেখা যায়। মে মাসে গাজরের মৌসুম শেষ হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে যায়। দেশের হিমাগারেও গাজরের সংরক্ষণ কমতে থাকায় বাজারে আমদানীকৃত গাজরের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায় ফলে মার্চ/২৩ হতে আগষ্ট পর্যন্ত প্রতিমাসে ৩০%- ৫০% মূল্য বৃদ্ধি পায়।

## ফলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনা প্রতিবেদন:

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজারদরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্যানুযায়ী জুলাই /২০২৩ মাসের তুলনায় আগস্ট /২০২৩ মাসের এবং গত বছরের আগস্ট /২০২২ মাসের তুলনায় চলতি বছরের আগস্ট /২০২৩ মাসে ফলের মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ।


### আগস্ট /২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের সার্বিক পরিস্থিতি

সারণী-১.২৪ **আগস্ট /২০২৩ মাসে ফলের পাইকারী ও খুচরা মূল্যের শতকরা (%) হ্রাস/বৃদ্ধি**

| ক্রঃ নং | পণ্যের নাম | একক | পাইকারী মূল্য | | | | | একক | খুচরা মূল্য | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) | | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক হ্রাস/বৃদ্ধি (%) | বার্ষিক হ্রাস/বৃদ্ধি (%) |
| | | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২২ | | | | আগষ্ট/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২২ | | |
| ১ | ডাব | ১০০টি | ৭,৪৫৯ | ৭,১৫৫ | ৫,৬৯৮ | ৪.২৫% | ৩০.৯১% | প্রতিটি | ৯৩.০০ | ৮৭.০০ | ৭১.০৯ | ৬.৯০% | ৩০.৮২% |
| ২ | এলাচি লেবু | ১০০টি | ২৫৩ | ২৫০ | ৩৩১ | ১.২০% | -২৩.৫৬% | ৪টি | ১৬.০০ | ১৪.০০ | ১৯.১৫ | ১৪.২৯% | -১৬.৪৫% |
| ৩ | কাগজী লেবু | ১০০টি | ২৫৪ | ২৮৪ | ৩১১ | -১০.৫৬% | -১৮.৩৩% | ৪টি | ১৫.০০ | ১৬.০০ | ১৮.০০ | -৬.২৫% | -১৬.৬৭% |
| ৪ | পেঁয়ারা | কুইঃ | ৪,০৭৪ | ৪,৪৩৮ | ৪,১০৯ | -৮.২০% | -০.৮৫% | কেজি | ৫৩.০০ | ৫৬.০০ | ৫৪.০৪ | -৫.৩৬% | -১.৯২% |
| ৫ | কমলা | কুইঃ | ২৩,১১৭ | ২২,৪৪৩ | ১৮,০১৮ | ৩.০০% | ২৮.৩০% | কেজি | ২৫৫.০০ | ২৫৬.০০ | ২০৫.৬৭ | -০.৩৯% | ২৩.৯৯% |
| ৬ | আপেল | কুইঃ | ২৪,৫০০ | ২৩,১২০ | ১৮,৫৫৮ | ৫.৯৭% | ৩২.০২% | কেজি | ২৭৫.০০ | ২৬৫.০০ | ২০৬.০৬ | ৩.৭৭% | ৩৩.৪৬% |
| ৭ | পাঁকাপেঁপে | ১০০টি | ৬২৮২ | ৬৬৬৪ | ৬২১৯ | -৫.৭৩% | ১.০১% | প্রতিটি | ৯৭.০০ | ৯০.০০ | ৮৭.৪৮ | ৭.৭৮% | ১০.৮৮% |
| ৮ | কলা -চাঁপা | ৮০টি | ২৮৩ | ২৬৮ | ২৯৪ | ৫.৬০% | -৩.৭৪% | ৪টি | ১৯.০০ | ১৯.০০ | ১৮.৮১ | ০.০০% | ১.০১% |
| ৯ | কলা-সবরি | ৮০টি | ৪৯১ | ৪৯৬ | ৪৯৭ | -১.০১% | -১.২১% | ৪টি | ৩২.০০ | ৩২.০০ | ৩১.০৪ | ০.০০% | ৩.০৯% |
| ১০ | কলা- সাগর | ৮০টি | ৪৩৪ | ৪২০ | ৩৭৪ | ৩.৩৩% | ১৬.০৪% | ৪টি | ২৬.০০ | ২৭.০০ | ২৪.৫৪ | -৩.৭০% | ৫.৯৫% |
| ১১ | আনারস-ক্যালেংগা | ১০০টি | ৪,০১৭ | ৪,১৪৭ | ৪,৫৬৯ | -৩.১৩% | -১২.০৮% | প্রতিটি | ৫৩.০০ | ৫৪.০০ | ৬২.৫৫ | -১.৮৫% | -১৫.২৭% |
| ১২ | আনারস-জলডুবি | ১০০টি | ৩,৭৯৭ | ৩,৫১৫ | ৩,১৯৪ | ৮.০২% | ১৮.৮৮% | প্রতিটি | ৫৪.০০ | ৪৭.০০ | ৪৫.৬০ | ১৪.৮৯% | ১৮.৪২% |
| ১৩ | শুকনা-নারিকেল | ১০০টি | ৭৬৯৮ | ৮৩৫০ | ৬,৯৪৪ | -৭.৮১% | ১০.৮৬% | প্রতিটি | ৯৭.০০ | ১০০.০০ | ৮৪.৭৬ | -৩.০০% | ১৪.৪৪% |
| ১৪ | খেজুর | কুইঃ | ৪০,৮৫৭ | ৩৯,৬২৫ | ২৭,১৪৫ | ৩.১১% | ৫০.৫১% | কেজি | ৪৫৭.০০ | ৪৫৬.০০ | ৩১৮.৩২ | ০.২২% | ৪৩.৫৭% |

# সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ও হ্রাস প্রাপ্ত ফল


## পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ




| | আনারস-জলডুবি | আপেল | কলা -চাঁপা | ডাব | কলা- সাগর |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ৩,৭৯৭ | ২৪,৫০০ | ২৮৩ | ৭,৪৫৯ | ৪৩৪ |
| জুলাই/২৩ | ৩,৫১৫ | ২৩,১২০ | ২৬৮ | ৭,১৫৫ | ৪২০ |

ফলমূলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, বিগত মাসের তুলনায় আগষ্ট মাসের পাইকারী পর্যায়ে আনারস-জলডুবি এর মূল্য ৮.০২%, আপেল এর মূল্য ৬%, কলা-চাঁপা এর মুল্য ৬%, ডাব এর মূল্য ৪.২৫%, এবং কলা-সাগর এর মূল্য ৩.৩৩% বৃদ্ধি পেয়েছে। এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেলেও বাজারদর সহনশীল পর্যায়ে রয়েছে।


## পাইকারী পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ




| | কাগজী লেবু | পেঁয়ারা | শুকনা-নারিকেল | পাঁকাপেঁপে | আনারস-ক্যালেংগা |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ২৫৪ | ৪,০৭৪ | ৭৬৯৮ | ৬২৮২ | ৪,০১৭ |
| জুলাই/২৩ | ২৮৪ | ৪,৪৩৮ | ৮৩৫০ | ৬৬৬৪ | ৪,১৪৭ |

বিগত মাসের তুলনায় আগষ্ট মাসে কাগজী-লেবু ও পেয়ারা এর ভরা মৌসুমে সরবরাহ বৃদ্ধি পাওয়ায় মূল্য যথাক্রমে ১১% ও ৮.২০% হ্রাস পেয়েছে। এছাড়া শুকনা-নারিকেল এর মূল্য ৮%, পাঁকা-পেঁপে এর মূল্য ৬% ও আনারস-ক্যালেংগা এর মূল্য ৩.১৩% হ্রাস পেয়েছে।


**খুচরা পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি প্রাপ্ত ৫টি পণ্যঃ**




| | আনারস-জলডুবি | এলাচি লেবু | পাঁকাপেঁপে | ডাব | আপেল |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ৫৪.০০ | ১৬.০০ | ৯৭.০০ | ৯৩.০০ | ২৭৫.০০ |
| জুলাই/২৩ | ৪৭.০০ | ১৪.০০ | ৯০.০০ | ৮৭.০০ | ২৬৫.০০ |

পাইকারী বাজারদরের সাথে সংগতি রেখে বিগত মাসের তুলনায় আগষ্ট মাসে খুচরা পর্যায়ে একই পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে। আনারস-জলডুবি এর মূল্য ১৫%, এলাচি-লেবু এর মূল্য ১৪.২৯%, পাঁকা-পেঁপে এর মূল্য ৮% ও ডাব এর মূল্য ৭% বৃদ্ধি পেয়েছে। এবং আপেল এর মূল্য ৪% বৃদ্ধি পেয়েছে। এই পণ্যগুলোর মূল্য বৃদ্ধি পেলেও বাজারদর সহনশীল পর্যায়ে রয়েছে।

**খুচরা পর্যায়ে সর্বোচ্চ হ্রাস প্রাপ্ত ৫টি পণ্যঃ**





| | কাগজী লেবু | পেঁয়ারা | কলা- সাগর | শুকনা-নারিকেল | আনারস-ক্যালেংগা |
|---|---|---|---|---|---|
| আগষ্ট/২৩ | ১৫.০০ | ৫৩.০০ | ২৬.০০ | ৯৭.০০ | ৫৩.০০ |
| জুলাই/২৩ | ১৬.০০ | ৫৬.০০ | ২৭.০০ | ১০০.০০ | ৫৪.০০ |

ফলমূলের বাজারদর তুলনা করতে গিয়ে পরিলক্ষিত হয় যে, বিগত মাসের তুলনায় আগষ্ট মাসের খুচরা পর্যায়ে কাগজী-লেবু ও পেয়ারা সরবরাহ বৃদ্ধি পাওয়ায় যথাক্রমে ৬.২৫% ও ৫.৩৬% মূল্য হ্রাস পেয়েছে। এছাড়া কলা-সাগর এর মূল্য ৪% হ্রাস পেয়েছে। শুকনা-নারিকেল ৩.০০% হ্রাস পেয়েছে। তাছাড়া অধিক গরমের কারণে আনারস-ক্যালেংগা দ্রুত পেঁকে নষ্ট হয়ে যাওয়ার কারণে ২% মূল্য হ্রাস পেয়েছে।

## নির্ধারিত ১০টি কৃষিপণ্যের বিগত ০৬ (ছয়) মাসের বাজারদর পর্যালোচনা

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সাপ্তাহিক বুলেটিন ফরমের মধ্যে প্রায় ৩৩টি ফলমূলের পাইকারী বাজারদর সংগ্রহ করা হলেও ঋতুগত তারতম্যের কারণে সকল ফলের তথ্য সবসময় পাওয়া যায়না। ফলে কৃষি বিপণন অধিদপ্তরের গবেষনা-৩ শাখা হতে ১০টি পণ্য নির্ধারণ করা হয়েছে; যা বছরজুড়ে পাওয়া যায় যথা: পেয়ারা, কমলা, আপেল, পাঁকা-পেঁপে, কলা-সবরি, আনারস-ক্যালেংগা, নারিকেল, খেজুর, ডাব ও এলাচি-লেবু।


### ডাব




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৫৭৫৭ | ৬৪০৭ | ৬৮২৬ | ৭০১৬ | ৭১৫৫ | ৭৪৫৯ |
| খুচরা | ৭৪.০০ | ৭৯.০০ | ৮৪.০০ | ৮৬.০০ | ৮৭.০০ | ৯৩.০০ |

বিগত ছয় মাসের লেখচিত্র থেকে পরিলক্ষিত হয় যে, মার্চ থেকে এপ্রিল মাস পর্যন্ত বাজারদর উর্দ্ধমুখী রয়েছে। মে ও জুন মাসে গ্রীষ্ম মৌসুম হওয়ায় ডাবের মূল্য বৃদ্ধি পেতে থাকে। এই সময়ে পাইকারী পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ১১.২৯% ও ৭% এবং খুচরা পর্যায়ে প্রতি মাসে যথাক্রমে ৭% ও ৬.৩৩% মূল্য বৃদ্ধি পায়। জুন ও জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩%, ২%, ও ২.৩৮%, ১.১৬%, মূল্য বৃদ্ধি পায়। রিপোটিং মাসে গ্রীষ্মের তীব্রতায় ডেঙ্গু ও ভাইরাস জ্বরের কারণে ডাবের চাহিদা বৃদ্ধি পেতে থাকে; ফলে পাইকারী ও খুচরা পর্যায়ে যথাক্রমে ৪.২৫% ও ৭% মূল্য বৃদ্ধি পায়।


### এলাচিলেবু




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৫৫৯ | ৪৯১ | ৩৫৩ | ২৬০ | ২৫০ | ২৫৩ |
| খুচরা | ২৭.০০ | ২৬.০০ | ২১.০০ | ১৫.০০ | ১৪.০০ | ১৬.০০ |


এলাচি লেবুর ক্ষেত্রে বিগত ছয় মাসে পাইকারী ও খুচরা মূল্যের অস্থিতিশীল প্রবাহ দেখা যায়। মার্চ ও এপ্রিল মাসে লেবুর সরবরাহ কম থাকায় পাইকারী ও খুচরা মূল্য ৬৮.৩৭% ও ৩৫% বৃদ্ধি পায়। এছাড়া এপ্রিল মাসে পাইকারী ও খুচরা মূল্য ১২.১৬% ও ৪% এবং খুচরা মূল্য হ্রাস পায়। বাজারে আমদানী বেশি হওয়ায় মে, জুন ও জুলাই মাসে পাইকারী মূল্য ২৮.১১%, ২৬.৩৫% ও ৪% এবং খুচরা মূল্য ১৯.২৩%, ২৯% ও ৭% মূল্য হ্রাস পায়। রিপোটিং মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.২০% ও ১৪.২৯% বৃদ্ধি পায়।

**পেঁয়ারা**





বিগত ছয় মাসে পেঁয়ারা এর পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা যায়। মার্চ ও এপ্রিল মাসে পাইকারী মূল্য ৩.৩০% ও ৫.০৭% এবং খুচরা মূল্য ৫% ও ২% হ্রাস পেয়েছে। মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ৬% ও ৩.৪৫% বৃদ্ধি পায়। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ০.৭৬% ও ৫.০০% হ্রাস পায়। সার্বিকভাবে বিগত ছয় মাসে পেয়ারার বাজারদর একটি নির্দিষ্ট পরিসরে হ্রাস-বৃদ্ধি পেতে থাকে। এবং জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য ৫.৪৩% ও ২% হ্রাস পায়। বাজারে পেয়ারার ভরা মৌসুমে আমদানী বেশী হওয়ায় রিপোটিং মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে ৮.২০% ও ৫.৩৬% মূল্য হ্রাস পায়।

**কমলা**





কমলা আমাদের দেশে আমদানি নির্ভর একটি পণ্য। আমদানীকারকের নির্ধারিত মূল্য এবং আমদানীর সাথে সংশ্লিষ্ট বিষয়াদি যুক্ত হওয়ার কারণে মূল্যের হ্রাস-বৃদ্ধি হয়ে থাকে। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ মাসে পাইকারী বাজারদর সামান্য বৃদ্ধি পায়। এপ্রিল ও মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ৪.৪৮% ও ৯% বৃদ্ধি পায়। ও খুচরা মূল্য ৪.০২% ও ৮% বৃদ্ধি পেয়েছে। জুন মাসে পাইকারী মূল্য ১.১৫% হ্রাস পায়। ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য ২% ও ২% বৃদ্ধি পায়। রিপোটিং মাসে পাইকারী মূল্য ৩.০০% বৃদ্ধি পায়। এবং খুচরা মূল্য ০.৩৯% হ্রাস পায়।

**আপেল**





কমলার ন্যায় আপেলও আমদানি নির্ভর একটি পণ্য। তবে কমলার তুলনায় আরো বেশি দেশ থেকে আপেল আমদানি হয়। বিধায় মূল্যের তারতম্য বেশি পরিলক্ষিত হয়। বিগত ছয় মাসের বাজারদর পর্যালোচনা করলে দেখা যায় যে, মার্চ মাসের তুলনায় এপ্রিল মাসে পাইকারী ও খুচরা বাজারদর যথাক্রমে প্রায় ৭% ও ৫% বৃদ্ধি পায়। মে মাসে ০.০১% পাইকারী মূল্য হ্রাস পায়। ও খুচরা মূল্য ১.১৭% বৃদ্ধি পায়। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ১.৪৩% ও ১.১৬% হ্রাস পায়। জুলাই' মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩.২৩% ও ৪% বৃদ্ধি পায়। রিপোটিং মাস অর্থাৎ 'আগষ্ট' মাসে পাইকারী ও খুচরা মূল্য ৬% ও ৪% বৃদ্ধি পায়।

**পাঁকাপেঁপে**





বাজারে দেশি জাতের পাঁকা পেঁপের তুলনায় থাইল্যান্ড জাতের রেড লেডী পেঁপে অধিক হারে পাওয়া যায়; যার ফলে বাজারমূল্য তারতম্য দেখা যায়। বিগত ছয় মাসে পাকা পেঁপের পাইকারী ও খুচরা বাজারদরে মিশ্র প্রবণতা দেখা গেছে। এপ্রিল মাসের পাইকারী ও খুচরা মূল্য **১০.৩৮%** **৬.১০%** বৃদ্ধি পায়। মে ও **জুন** মাসে পাইকারী পর্যায়ে যথাক্রমে প্রায় **পাইকারী** ৮% ও খুচরা মূল্য **৩.৪৫%** ও **৪.৪৪%** মূল্য বৃদ্ধি পরিলক্ষিত হয়। অপর দিকে **জুলাই** মাসে পাইকারী মূল্য **৪%** বৃদ্ধি পায়। কিন্তু খুচরা মূল্য **৪.২৬%** হ্রাস পায়। রিপোর্টিং মাসে পাইকারী বাজার দর প্রায় ৬% হ্রাস পায় কিন্তু খুচরা মূল্য ৮% বৃদ্ধি পায়।

## কলা-সবরি





সবরি কলার বিগত ছয় মাসের পাইকারী বাজারদরে স্থিতিশীলতা দেখা গেলেও খুচরা পর্যায়ে একটি নির্দিষ্ট পরিসরে বাজারদর উঠানামা করতে দেখা যায়। এপ্রিল মাসে পাইকারী মূল্য ০.৩৯% হ্রাস পায়। ও খুচরা মূল্য ৩.১৩% বৃদ্ধি পায়। মে মাসে পাইকারী মূল্য ১.৩৫% বৃদ্ধি পেলেও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। জুন মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৯% ও ৩.০৩% মূল্য হ্রাস পেয়েছে। জুলাই মাসে পাইকারী মূল্য **১৭%** ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে। রিপোর্টিং মাসে পাইকারী মূল্য ১.০১% হ্রাস পেয়েছে। ও খুচরা মূল্য অপরিবর্তিত রয়েছে।

## আনারস-ক্যালেংগা




আনারস-ক্যালেংগা'র ক্ষেত্রে বিগত ছয় মাসে পাইকারী ও খুচরা বাজার মূল্যের লেখচিত্র থেকে দেখা যায় যে, মার্চ মাসের তুলনায় এপ্রিল মাসে আমদানীর তুলনায় আনারসের চাহিদা বেশী থাকায় পাইকারী ও খুচরা মূল্য প্রায় ১৭% ও ২% বৃদ্ধি পেয়েছে। এছাড়া মে মাসে পাইকারী ও খুচরা মূল্য ১৪% ও ৬% হ্রাস পায়। জুন মাসে বাজাদর স্হিতিশীল রয়েছে। জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩% ও ২% হ্রাস পেয়েছে। আগষ্ট মাসে পাইকারী ও খুচরা মূল্য ৩.১৩% এবং খুচরা মূল্য ২% হ্রাস পেয়েছে।


**<u>নারিকেল</u>**




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৮০৩২ | ৮১৭৫ | ৮৫৮০ | ৮৫২৭ | ৮৩৫০ | ৭৬৯৮ |
| খুচরা | ৯৮.০০ | ১০২.০০ | ১০৩.০০ | ১০১.০০ | ১০০.০০ | ৯৭.০০ |

নারিকেল এর পাইকারী ও খুচরা বাজারদরে বিগত ছয় মাসে উর্দ্ধমুখী প্রবণতা দেখা যায়। মার্চ, মাসের তুলনায় এপ্রিল ও মে মাস পর্যন্ত পাইকারী মূল্য যথাক্রমে প্রায় ২%, ২% ও ৫% বৃদ্ধি পেয়েছে; একই সাথে উক্ত মাস সমূহে খুচরা মূল্য যথাক্রমে ২.০৮%, ৪.০৮% ও ০.৯৮% বৃদ্ধি পেয়েছে। জুন ও জুলাই মাসে পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে প্রায় ০.৬২% ও ৩% হ্রাস পেয়েছে। খুচরা মূল্য ২২% ও ০.৯৯% হ্রাস পেয়েছে। রিপোটিং মাসে চাহিদা হ্রাস পাওয়ায় পাইকারী ও খুচরা মূল্য যথাক্রমে প্রায় ৮% ও ৩.০০% হ্রাস পেয়েছে।

**<u>খেজুর</u>**




| | মার্চ/২৩ | এপ্রিল/২৩ | মে/২৩ | জুন/২৩ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পাইকারী | ৩৫৭২১ | ৩৬৬১০ | ৩৭৪৩২ | ৩৭৭৭২ | ৩৯৬২৫ | ৪০৮৫৭ |
| খুচরা | ৪১০.০০ | ৪৪৮.০০ | ৪৫৩.০০ | ৪৫৪.০০ | ৪৫৬.০০ | ৪৫৭.০০ |

বিগত ছয় মাসের লেখ চিত্র থেকে প্রতীয়মান যে, পাইকারী ও খুচরা পর্যায়ে খেজুরের বাজারদর উর্দ্ধমুখী রয়েছে। মার্চ মাসের তুলনায় এপ্রিল মাসে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে খেজুরের চাহিদা বৃদ্ধির কারণে পাইকারী মূল্য প্রায় ২.৪৯% ও খুচরা মূল্য ৯.২৭% বৃদ্ধি পেয়েছে। এছাড়া মে, জুন ও জুলাই মাসে পাইকারী মূল্য যথাক্রেমে ২.২৫%, ০.৯১% ও ৫% এবং খুচরা মূল্য ১.১২%, ০.২২% ও ০.৪৪% বৃদ্ধি পেয়েছে। রিপোটিং মাসে পাইকারী ও খুচরা বাজার মূল্য যথাক্রমে প্রায় ৩.১১% ও ০.২২% বৃদ্ধি পেয়েছে।

(সুলতানান নাসিরা)
সহকারী পরিচালক
(গবেষণা শাখা- ১)

অত্যাবশ্যকীয় কৃষি পণ্যের বাজারদরের

# মাসিক পর্যালোচনামূলক প্রতিবেদন

আগষ্ট, ২০২৩ খ্রিঃ

গবেষণা ও উন্নয়ন শাখা
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা- ১২১৫।
www.dam.gov.bd